

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪৬.১৮.২৩৩

তারিখ: ৮ কার্তিক ১৪২৮

২৪ অক্টোবর ২০২১

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “রাজ্যমাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্পের (কোড নং-২২৪০১৩৪০০) বাস্তবায়নের জন্য অর্থ ছাড়।

এ বিভাগ কর্তৃক ২৪/১০/২০২১ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪৬.১৮.২৩২ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা অংশের বরাদ্দ হতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

(লক্ষ টাকা)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ ডি.পি.পি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	রাজ্যমাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (১ম সংশোধিত) (কোড নং-২২৪০১৩৪০০)	অনুমোদিত	১ম কিস্তি	১৩.৫০ লক্ষ	৯৫৬.২৫ লক্ষ	৯৬৯.৭৫ লক্ষ

২। এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “রাজ্যমাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্পের অনুকূলে (কোড নং-২২৪০১৩৪০০) হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);

৪। প্রকল্পটির অনুকূলে অবমুক্তকৃত অর্থ অনুমোদিত ডিপিপি’র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় করতে হবে;

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;


৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৭। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে পারবেন। ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল

পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

০৮। অর্থ বিভাগের ২০ জুন ২০১৮ তারিখের অফিস স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ এর প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

...



১৪-১০-২০ ১১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০৪৬.১৮.২৩৩/১(৭)

তারিখ: ৮ কার্তিক ১৪২৮
২৪ অক্টোবর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) উপাচার্য, রাজামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজামাটি।
- ৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপসচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক, রাজামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন (১ম সংশোধিত), রাজামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজামাটি।
- ৬) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৪-১০-২০ ১১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)